দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

# ঢাঃবিঃতে সৈয়দা ফাতিমা আব্দুল্লাহ ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠা

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'সৈয়দ ফাতিমা আব্দুল্লাহ ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠার উদ্দেশ্যে মরহুমার নাতবৌ মিসেস হাবিবা হক গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরীর নিকট এক লাখ টাকার একটি চেক প্রদান করেন। ভাইস চ্যান্সেলর অফিসে আয়োজিত এই চেক প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহম্মদ সেলিম, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এ এইচ এম মুর্তজবা হোছাইন এবং ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক নাজমীন হক।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে ইসলামিক স্টাডিজ বিভাগের একজন দরিদ্র ও মেধাবী ছাত্রীকে প্রথম বর্ষ (সম্মান) থেকে শেষ বর্ষ (সম্মান) পরীক্ষা পর্যন্ত প্রতিমাসে বৃত্তি প্রদান করা হবে।